

বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৯ জুন, ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১.০০ ঘটিকা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	হাজিরা শীট

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করারসহ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং নেতৃত্ব প্রদানের জন্য অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ ও অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে নাগরিক সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগে বিভাগীয় পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন এবং দপ্তর প্রধানগণ নিয়মিত তাদের কাজকে মনিটরিং করছেন।

০২। সভায় আরোও জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বাস্তবায়নের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরে বিভাগীয় ও জেলা পর্যায়ে গ্রহণ করা হয়েছে তা সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। অতঃপর কার্যপত্র অনুযায়ী সভার কাজ আরম্ভ করার জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহীকে অনুরোধ করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
১.	গত সভার কার্যবিবরণী অনুমোদন	গত ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।	গত ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ
২.	পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার	গত ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভায় ৭টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৭ টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। সিদ্ধান্ত বাস্তবায়ন হার ১০০%	সিদ্ধান্ত বাস্তবায়ন হার শতভাগ অব্যাহত রাখতে হবে।	বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দ

৩.	জেলা ভিত্তিক উদ্ভাবন	সভায়, এ বিভাগে গৃহীত জেলা ভিত্তিক ২০২৩-২০২৪ অর্থ বছরে উদ্ভাবনী পাইলট প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হবে বা হচ্ছে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোড করাসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা/জেলা পর্যায়ে যে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হবে সেগুলোর জেলা ভিত্তিক তালিকা করে ২০২৩-২০২৪ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোডসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ।
৪.	উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং	সভায়, মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ
৫.	জেলা ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা	১। সভায়, এপিএর সংযোজনী-৫ অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোডসহ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়।	২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোডসহ কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/ বিভাগীয় দপ্তর প্রধানগণ।
৬.	ইনোভেশন টিমের সভা	জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/ বিভাগীয় দপ্তর প্রধানগণ।

৭.	মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা	উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করার উপর গুরুত্বারোপ করা হয়। সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হলে এক দপ্তর অন্য দপ্তরের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে জানতে পারবে যা ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে।	উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।
৮.	ওয়েবপোর্টাল হালনাগাদ	জেলা ও বিভাগীয় পর্যায়ের ওয়েব পোর্টালে পর্যালোচনায় দেখা যায় নিম্নরূপ: ১৩/০৬/২০২৩ তারিখের রিপোর্ট আপডেট ১। নিজ পোর্টালের অবস্থা: সম্পূর্ণতার হার ১০০% এবং অসম্পূর্ণতার হার ০% অধিনস্থ পোর্টাল সমূহের সার্বিক অবস্থা সম্পূর্ণতার হার ৮৬০% এবং অসম্পূর্ণতার হার ১৪% নিম্নহার অফিসের তালিকা রাজশাহী সিটি কর্পোরেশন-৪৮.৫৩%, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী-৭৪.২২%, সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজশ), রাজশাহী বিভাগ-৭৫.৭৫%, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চল জোন-৭৬.৯৯%, বিভাগীয় শিক্ষা প্রকৌশল অফিস-৭৭%, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, রাজশাহী-৭৭.৪৫%, বিভাগীয় সমবায় অফিস-৭৭.০৬%, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ-৭৮.১৪%, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, বন্যপ্রাণী বাবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, রাজশাহী-৭৮.৬২% ২। জেলা পর্যায়ের অফিস: সিরাজগঞ্জ জেলা নিজ-৯৯.৮৭% অধিনস্থ সম্পূর্ণতার হার ৮৯০% এবং অসম্পূর্ণতার হার ১১%, পাবনা জেলা নিজ-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৯২% এবং অসম্পূর্ণতার হার ৮%, বগুড়া জেলা নিজ-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৯৩% এবং অসম্পূর্ণতার হার ৭%, রাজশাহী জেলা নিজ-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৮৫% এবং অসম্পূর্ণতার হার ১৫%, নাটোর জেলা নিজ-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৮৬% এবং অসম্পূর্ণতার হার ১৪%, জয়পুরহাট জেলা-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৯৪% এবং অসম্পূর্ণতার হার ৬%, টাপাইনবাবগঞ্জ জেলা নিজ-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৮৯% এবং অসম্পূর্ণতার হার ১১%, নওগাঁ জেলা নিজ-১০০% অধিনস্থ সম্পূর্ণতার হার ৮৫% এবং অসম্পূর্ণতার হার ১৫%,	জেলা ও বিভাগীয় পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে এবং রিপোর্ট ১০০% হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ ৩। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার


স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০২.০০১.২৩.৭২

তারিখ: ৮ আষাঢ়. ১৪৩০

২২ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) মন্ত্রিপরিষদ সচিব (রুটিন দায়িত্ব), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৫) অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
- ৬) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
- ৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
- ৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
- ১০) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
- ১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ১৫) প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
- ১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
- ১৭) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী
- ১৮) পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী
- ১৯) বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় মৎস অধিদপ্তর, রাজশাহী
- ২০) উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
- ২১) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী অঞ্চল
- ২২) ----- রাজশাহী
- ২৩) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী [মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



ড. মোঃ মোকহেদ আলী
অতিরিক্ত বিভাগীয় কমিশনার